

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়  
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.১৮-২০

তারিখঃ ৩০ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৩ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

**সংশোধনী বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ১১২তম সভায় ১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮-এ অংশগ্রহণকারী ৯০৬৫ রোল নম্বরধারী পরীক্ষার্থীর দাখিলকৃত এল এল.বি শিক্ষা সনদ একটি বিদেশী বিশ্ববিদ্যালয়ের দূর শিক্ষণ কার্যক্রমের আওতায় তিন বছর মেয়াদি কোর্স হওয়ায় উক্ত কোর্সটি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এর উপ-বিধি ৫(১) (ক) এ উল্লিখিত মানের কোর্স মর্মে গণ্য করা যায় কিনা সে বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে মতামত সংগ্রহ করার নিমিত্ত তার ফলাফল প্রকাশ স্থগিত রাখার সিদ্ধান্ত হয়েছিল। পরবর্তীতে কমিশনের ১১৩তম সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত মতামত, উক্ত পরীক্ষার্থীর দাখিলকৃত শিক্ষা সনদ ও বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত 'Equivalence Certificate' সহ সংশ্লিষ্ট বিধি পর্যালোচনাপূর্বক উক্ত প্রার্থীর ফলাফল বিষয়ে বিস্তারিত আলোচনা অন্তে কমিশন উক্ত প্রার্থীর স্থগিতকৃত ফলাফল প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বর্ণিত প্রার্থীর ফলাফল এতদ্বারা প্রকাশ করা হলো। ১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮ এ অংশগ্রহণকারী ৯০৬৫ রোল নম্বরধারী পরীক্ষার্থীকে তার ফলাফল বিবেচনায় ২১ নম্বর মেধাক্রমে সাময়িকভাবে উত্তীর্ণ ও মনোনীত গণ্য করা হলো। এমতাবস্থায়, বিগত ২৭/০২/২০১৯ খ্রিঃ তারিখে কমিশনের ওয়েব সাইটে ও ২৮/০২/২০১৯ খ্রিঃ তারিখে দৈনিক আমাদের সময়, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Bangladesh Today পত্রিকায় প্রকাশিত ১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮ এর ফলাফল সংশ্লিষ্ট বিজ্ঞপ্তির মেধাক্রম ১-২০ অপরিবর্তিত থাকবে এবং পরবর্তি মেধাক্রম তথা ২১-৯৯ পর্যন্ত মেধাক্রম পরিবর্তিত হয়ে ২২-১০০ হবে।

২। পূর্বে প্রকাশিত ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তির ২-৬ নং শর্তাবলি ২১ নং মেধাক্রমের ৯০৬৫ রোল নম্বরধারী প্রার্থীর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

কমিশনের আদেশক্রমে

*Rahman*

এস, এম, আনিসুর রহমান  
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)